

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অডিট ও আইন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৯.০১.০০০১.২৪.১৭৭

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে NTRCA কর্তৃক সুপারিশপ্রাপ্ত শিক্ষকগণের নিয়োগ, যোগদান ও এমপিওভুক্তকরণ প্রক্রিয়ায় সার্বিক সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রতিষ্ঠান প্রধান/নিয়মিত কমিটি না থাকাসহ বিভিন্ন কারণে NTRCA কর্তৃক সুপারিশপ্রাপ্ত শিক্ষকগণের নিয়োগ, যোগদান ও এমপিওভুক্তকরণ প্রক্রিয়ায় জটিলতা সৃষ্টি হচ্ছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে। যেসকল প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/নিয়মিত কমিটি নেই, সেসকল প্রতিষ্ঠানে ভারপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধান/এডহক কমিটি এবং এডহক কমিটি না থাকলে উপজেলা নির্বাহী অফিসার/অতিরিক্ত জেলা প্রশাসক/জেলা প্রশাসকের মাধ্যমে নিয়োগ, যোগদান ও এমপিওভুক্তকরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

০২. NTRCA কর্তৃক সুপারিশপ্রাপ্ত শিক্ষকগণের নিয়োগ, যোগদান ও এমপিওভুক্তকরণ প্রক্রিয়ায় কোন প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেলে প্রতিষ্ঠানের এমপিও বন্ধসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩. এমতাবস্থায়, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে NTRCA কর্তৃক সুপারিশপ্রাপ্ত শিক্ষকগণের নিয়োগ, যোগদান ও এমপিওভুক্তকরণ প্রক্রিয়ায় সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। উক্ত নির্দেশনা প্রতিপালন না করলে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/সর্বশেষ পরিমার্জিত)' এর ১৮.১ (খ) এবং (গ) অনুচ্ছেদ অনুসারে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতিষ্ঠানের এমপিও বন্ধসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৮-০৮-২০২৫
মুহাম্মদ মাহবুবুল হক
পরিচালক

সভাপতি/অধ্যক্ষ/সুপার/ইবতেদায়ী প্রধান/ ভারপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধানগণ
সকল এমপিওভুক্ত মাদ্রাসা।।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.০০৯.০১.০০০১.২৪.১৭৭/১ (৪)

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।।
- ২। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল),।
- ৪। ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



A handwritten signature in black ink, located in the top right corner of the page.

২৮-০৮-২০২৫
মো ইসমাইল হোসেন
সহকারী পরিচালক